গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ৮ এপ্রিল ২০১৫, ২৫ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ৬৩৭ কোটি টাকার ৩ উন্নয়ন প্রকল্প অনুমোদন
২। ব্যর্থতার গ্লানি নিয়ে ঘরে ফিরেছেন বেগম খালেদা জিয়া : প্রধানমন্ত্রী
৩। মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন হলে খাদ্যে ভেজাল রোধ সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী
৪। সংশোধিত বাজেট দুই লাখ ৩৮ হাজার কোটি টাকা : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী
৫। মার্চে রপ্তানি বেড়েছে সাড়ে ৭ শতাংশ
৬। এএআরডিওর সদস্য হলো বাংলাদেশ
৭। জাতীয় গ্রিডে যোগ হয়েছে অতিরিক্ত ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ
৮। শিশু জিহাদের মৃত্যুতে দুই প্রকৌশলীর বিরুদ্ধে চার্জশিট
৯। কামারুজ্জামানের ফাঁসির মঞ্চ ও জল্লাদ প্রস্তুত : কারাগারে আদেশের কপি যায়নি
১০। দূষিত খাবার খেয়ে বছরে মারা যাচ্ছে ২০ লাখ মানুষ

চলমান পাতা/২

১। একনেকে ৬৩৭ কোটি টাকার ৩ উন্নয়ন প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৬৩৭ কোটি টাকা ব্যয় সম্বলিত ৩টি উন্নয়ন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। অনুমোদিত ৩ প্রকল্প হচ্ছে ঢাকা-বরিশাল রুটে যাত্রীবাহী জাহাজ সংগ্রহ, সড়ক নির্মাণ ও পুনর্বাসন এবং উপজেলা স্টেডিয়ামের অবকাঠামো নির্মাণ। একনেক চেয়ারপার্সন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৭ এপ্রিল মঙ্গলবার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেওয়া হয়। পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সভা শেষে সাংবাদিকদের জানান, প্রকল্প ৩টির মোট ব্যয়ের ৬২৩ কোটি টাকা সরকারি তহবিল এবং অবশিষ্ট ১৪ কোটি টাকা সংস্থার নিজস্ব তহবিল থেকে জোগান দেওয়া হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.৪), নিউ এজ (পৃ.১১,ক.৪), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩)।

২। ব্যর্থতার গ্লানি নিয়ে ঘরে ফিরেছেন বেগম খালেদা জিয়া : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া পরাজিত ও সবকিছুতে ব্যর্থ হয়ে এবং ব্যর্থতার গ্লানি নিয়েই ঘরে ফিরে গেছেন। এখানে জনগণের বিজয় হয়েছে। এটি মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি ও স্বাধীনতার চেতনায় বিশ্বাসী মানুষেরও বিজয়। এই বিজয় আমাদের ধরে রাখতে হবে। গতকাল ৭ এপ্রিল মঙ্গলবার গণভবনে আওয়ামী লীগের ঢাকা মহানগর কার্যনির্বাহী সংসদ এবং মহানগরের সব থানা ও ওয়ার্ড সভাপতি-সাধারণ সম্পাদক ও আহ্বায়ক-যুগ্ম আহ্বায়কদের সঙ্গে মতবিনিময় বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৩)।

৩। মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন হলে খাদ্যে ভেজাল রোধ সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ভেজাল খাদ্য ব্যবসায়ীদের মৃত্যুদণ্ডের মতো শাস্তি হওয়া উচিত। মৃত্যুদণ্ডের বিধান রেখে কঠোর আইন হলে খাদ্যে ভেজাল রোধ করা সম্ভব হবে। গতকাল ৭ এপ্রিল মঙ্গলবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্বস্বাস্থ্য দিবসের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.৩,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.৩), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২)।

৪। সংশোধিত বাজেট দুই লাখ ৩৮ হাজার কোটি টাকা : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

সংশোধিত চলতি বাজেটের আকার হচ্ছে দুই লাখ ৩৮ হাজার কোটি টাকা। মোট বাজেট থেকে ১২ হাজার ৫০৫ কোটি টাকা ছেঁটে ফেলা হয়েছে। চলতি বাজেটের আকার হচ্ছে দুই লাখ ৫০ হাজার ৫০৫ কোটি টাকা। গতকাল ৭ এপ্রিল মঙ্গলবার এনজিও প্রতিনিধিদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সংশোধিত বাজেটের আকার ঘোষণা করেন। শিগগিরই এ বাজেটের আকার জাতীয় সংসদে উপস্থাপন করা হবে। সূত্র-যুগান্তর (পৃ.১৮,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৭)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। মার্চে রপ্তানি বেড়েছে সাড়ে ৭ শতাংশ

গত মার্চ মাসে পণ্য রপ্তানি থেকে আয় হয়েছে ২৫৯ কোটি ২৯ লাখ ডলার। গত বছরের মার্চের ২৪১ কোটি ৪০ লাখ ডলারের তুলনায় যা ৭ দশমিক ৪৩ শতাংশ বেশি। আর সামগ্রিকভাবে চলতি ২০১৪-১৫ অর্থবছরের নয় মাসে (জুলাই-মার্চ) রপ্তানি আয়ে প্রবৃদ্ধি হয়েছে প্রায় তিন শতাংশ। তবে এ আয় নির্ধারিত লক্ষ্যমাত্রার তুলনায় পাঁচ শতাংশ কম। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ প্রতিবেদনে এসব তথ্য পাওয়া গেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৬)।

৬। এএআরডিওর সদস্য হলো বাংলাদেশ

পাকিস্তানকে হারিয়ে আফ্রো-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (এএআরডিও) নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। আগামী তিন বছর বাংলাদেশ এএআরডিওর সদস্য হিসেবে দায়িত্ব পালন করবে। ১৯৬২ সালে প্রতিষ্ঠিত এএআরডিওতে এশিয়া ও আফ্রিকার ৩০টি দেশ রয়েছে। এ সংস্থাটি মূলত সদস্য রাষ্ট্রগুলোর পরস্পরের মধ্যে ভালো বোঝাপড়ার দিকটি উন্নয়ন করে। এছাড়া যৌথভাবে গ্রামীণ জনগোষ্ঠীর শিক্ষার উন্নয়ন এবং ক্ষুধা ও দারিদ্র্য নির্মূলে কাজ করে। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৮), জনকণ্ঠ (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.২)।

৭। জাতীয় গ্রিডে যোগ হয়েছে অতিরিক্ত ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ

আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে নির্মাণাধীন ৪টি বৃহৎ ইউনিটের মধ্যে ২২৫ মেগাওয়াটের একটি ইউনিটের বাণিজ্যিক উৎপাদন গতকাল ৭ এপ্রিল মঙ্গলবার থেকে শুরু হয়েছে। ফলে জাতীয় গ্রিডে যোগ হয়েছে বাড়তি ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ। এদিকে অপর ৩টি ইউনিটের মধ্যে ২শ' মেগাওয়াটের একটি ইউনিট পরীক্ষামূলক উৎপাদন শুরু করছে এবং ২টির নির্মাণ কাজ এগিয়ে চলছে দ্রুতগতিতে। বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ জানান সবকিছু ঠিক থাকলে নির্ধারিত সময়ের মধ্যেই সবক'টি ইউনিট উৎপাদনে আসবে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (পৃ.৩,ক.২), নিউজ টুডে (পৃ.২,ক.৩)।

৮। শিশু জিহাদের মৃত্যুতে দুই প্রকৌশলীর বিরুদ্ধে চার্জশিট

রাজধানীর শাহজাহানপুরে রেলওয়ে কলোনির মাঠের পাশে পরিত্যক্ত পানির পাম্পের পাইপের ভেতরে পড়ে তিন বছর বয়সী শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় করা মামলায় দুই প্রকৌশলীর বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছে পুলিশ। তারা হলেন-শাহজাহানপুর রেলওয়ে কলোনিতে পানির পাম্প বসানোর প্রকল্প পরিচালক রেলওয়ের জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী জাহাঙ্গীর আলম এবং এ প্রকল্পের দায়িত্বে থাকা ঠিকাদারি প্রতিষ্ঠান 'জেএসআরএ'র মালিক প্রকৌশলী আবদুস সালাম। এজাহারে দুই আসামির অবহেলার কারণেই তিন বছর বয়সী জিহাদ পাইপে পড়ে যায় বলে উল্লেখ করা হয়েছে। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.১)।

৯। কামারুজ্জামানের ফাঁসির মঞ্চ ও জল্লাদ প্রস্তুত : কারাগারে আদেশের কপি যায়নি

জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসির রায় বহাল রেখে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের দেওয়া চূড়ান্ত রায়ের অনুলিপি গতকাল ৭ এপ্রিল মঙ্গলবারও কারাগারে যায়নি। ঢাকা কেন্দ্রীয় কারাগারের সূত্র জানিয়েছে ফাঁসির মঞ্চ প্রস্তুত, জল্লাদ ঠিক করাসহ যাবতীয় প্রস্তুতি শেষ। রায়ের অনুলিপি হাতে পাওয়ার পরই ফাঁসির রায় কার্যকর করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু হবে। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.১)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। দূষিত খাবার খেয়ে বছরে মারা যাচ্ছে ২০ লাখ মানুষ

'নিরাপদ পুষ্টিকর খাবার, সুষ্ঠু জীবনের অঙ্গীকার' স্লোগানকে সামনে রেখে বিশ্বের অন্য দেশের মতো বাংলাদেশেও পালিত হয়েছে বিশ্ব স্বাস্থ্য দিবস। বর্তমানে অধিকাংশ খাবারের সঙ্গে মিশে থাকছে বিষ! তা ধীরে ধীরে আমাদের এগিয়ে দিচ্ছে মরণব্যাধি ক্যানসারসহ বিভিন্ন রোগের দিকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার জরিপ অনুযায়ী পৃথিবীতে দূষিত খাদ্য খেয়ে ও পানি পান করে প্রতি বছর প্রায় ২০ লাখ মানুষ মারা যায়। খাদ্য ও পানিতে থাকা ব্যাকটেরিয়া, প্যারাসাইটস, ভাইরাস ও নানা রাসায়নিক পদার্থের কারণে ২০০ এর বেশি রোগ হতে পারে। লাখ লাখ মানুষ এভাবে অসুস্থ হয়ে থাকেন। এর মধ্যে মৃত্যুও ঘটে অনেকের। অথচ সঠিকভাবে খাবার তৈরি করা হলে খাদ্যবাহিত রোগ প্রতিরোধ অনেকটাই সম্ভব। বিশ্ব স্বাস্থ্য সংস্থার বরাত দিয়ে টাইমস অফ ইন্ডিয়া এ বিষয়ে জানিয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৬)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ ও সুষ্ঠু হলে সরকার ও বিরোধী দলের দূরত্ব কমার সাথে সাথে ভবিষ্যৎ রাজনীতির গতি প্রকৃতি নির্ধারণেও তা ইতিবাচক ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : রাজধানীর বৈধ, অবৈধ বিলবোর্ড কমাতে যথাযথ উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়ে বিলবোর্ডে এমন উপাদান ও উপকরণ এবং প্রযুক্তির ব্যবহার করা উচিত যাতে তা দুর্ঘটনার কারণ না হয় সে ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ : বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অভ্যন্তরীণ রুটে আবার ফ্লাইট পরিচালনা শুরু করার কথা উল্লেখ করে এর সফলতা কামনা;

ঘ. সমকাল : সুস্থ সবল প্রজন্ম গঠনে ভেজালমুক্ত বাজারব্যবস্থা প্রতিষ্ঠার বিকল্প নেই বলে মন্তব্য;

ঙ. যায়যায়দিন, ডেইলি সান : রাজধানীর যানজট ও জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি সান : আগামী বাজেট বাস্তবসম্মত হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ছ. ডেইলি স্টার : চট্টগ্রামে বার বার হওয়া জলাবদ্ধতা নিরসনে স্থায়ী কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

জ. ইন্ডিপেনডেন্ট : নারী ও শিশু নির্যাতন আইনের অপপ্রয়োগ রোধে দৃষ্টি দেওয়ার পরামর্শ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে সিটি কর্পোরেশন নির্বাচন সফল করতে নির্বাচন ব্যবস্থার প্রতি মানুষের আস্থা ফিরিয়ে আনতে হবে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'তিন মাসের তাণ্ডব-কী পেল দেশ, রাজনীতি' শিরোনামের নিবন্ধে হারুন হাবীব বাংলাদেশে সত্যিকার আইনের শাসন রাখতে ও গণতন্ত্রকে স্থায়ী আসন দিতে রাজনৈতিক সহিংসতা সৃষ্টিকারীদের বিচারের বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা